

ISSN 2319-2151





# QUEST

2019 - 20
Vol - 14









**Uluberia College**
**Uluberia, Howrah- 711315**

Scanned with CamScanner

# *Quest*

## A Bi-lingual Peer Reviewed Academic Journal


**Editor**

Dr. Aditi Bhattacharya

**Editorial Board**

Dr. Debasish Pal, Dr. Siddhartha Sankar Bhattacharya,

Dipak Kumar Nath, Dr. Shubhamay Ghosh

Dr. Uttam Purkait, Dr. Momotaj Begam.

**Technical Editors**

Dr. Sirshendu Das & Abdulla Bin Rahaman

**Advisory Committee**

Dr. Urvi Mukhopadhyaya

Dept. of History, W.B. State University,

Dr. Biswajit Choudhury

Dept. of Applied Chemistry, Indian School of Mines.

Dr. Manidipa Sanyal

Dept. of Philosophy, Calcutta University,

Dr. Chanchal Dasgupta,

Dept. of Life Science and Biotechnology,

Jadavpur University



Scanned with CamScanner

# CONTENTS

## PART I

Herd Immunity or Vaccination- Which One is The Silver Line of Covid Cloud? 3
*Supriti Sarkar*

Real Time RT- PCR: The First Platform for Corona Virus Detection 10
*Munmun Chatterjee*

A Short Review on Asymptomatic Infections of COVID-19 16
*Supriya Mondal*

India is walking home 24
*Dr. Tuhina Sarkar*

## PART II

### Section A

'অমানিতা' চণ্ডালিকা থেকে 'মানবকন্যা' প্রকৃতি: বিনির্মাণের পথ ধরে 29
ড. *প্রীতম চক্রবর্ত্তী*

জলের মিনার জাগাও'ঃ আত্মকথার অন্তরালে দেবেশ রায়ের একটি উপন্যাস 46
*সঞ্জীব মান্না*

জাগরী উপন্যাসঃ চেতনার অন্তর্বয়ন 51
ড. *মমতাজ বেগম*

প্রসঙ্গ ঃ রবীন্দ্রনাথের 'সংস্কার' 58
*দেবস্মিতা শীট*

Scanned with CamScanner

# জাগরী উপন্যাস ঃ চেতনার অন্তর্বয়ন

ড. মমতাজ বেগম
বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ
অ্যাসোসিয়েট প্রফেসর, উলুবেড়িয়া, কলেজ

মানবচেতনার প্রতিটি মুহূর্ত নতুন নতুন অন্তর্বয়নের মধ্যে দিয়ে অনুভব ও উপলব্ধির জন্ম দেয়। আমরা যেমন এক নদীর জলে দুবার স্নাত হতে পারি না তেমনি চেতনার একই অনুভবে স্নাত হওয়াও সম্ভব নয়। দার্শনিক উইলিয়াম জেমস্ তাঁর 'principles of psychology' গ্রন্থে মানবমনের অন্তর্বয়নকে নদীর প্রবাহমান জলধারার সঙ্গে তুলনা করেছেন - 'Consciousness flows–let us call it stream of thought, of consciousness, or of subjective life.'[1]

মানবচেতনার গভীর মনস্তত্ত্বে যে চেতন-অর্দ্ধচেতন-অবচেতনের ক্রিয়া চলে তার প্রভাব পড়ে বাইরের জগতে।অন্তর জগতের রহস্য, বিভিন্নমুখী জটিল মানসক্রিয়া ব্যঞ্জনাধর্মী বা প্রতীকধর্মী ভাষায় প্রকাশ করে অজানা তত্ত্বের ও সত্যের পরিচয় দেন লেখক। রবার্ট হাসফ্রি এ প্রসঙ্গে বলেছেন-

'We may define stream of consciousness fiction as a type of fiction in which the basic emphasis is placed on explanation of the prespeech levels of consciousness for the purpose, primarily, of revealing the psychic being of the characters.'[২]

সুতরাং চেতনার অন্তরবয়ন হয় পূর্বের সঙ্গে বর্তমানের, বর্তমানের সঙ্গে ভবিষ্যতের। এখানে কোন নির্দিষ্ট যুক্তি বা পারস্পরিক পারম্পর্য থাকে না।

আমাদের আলোচ্য সতীনাথ ভাদুড়ীর 'জাগরী' উপন্যাসে চারটি চরিত্রের চেতনার অন্তর্বয়ন দেখিয়েছেন সূক্ষ্মাতিসূক্ষ্মভাবে। আবেগ-অনুভব, চিন্তা-ভাবনা, আকাঙ্ক্ষা-বেদনা, বাস্তব-অতিবাস্তবের একটা বয়ন অনবরত চলেছে উপন্যাসে। শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় এই উপন্যাস সম্পর্কে বলেছেন-'কারাগারে বন্দী একজন স্বাধীনতা সংগ্রামের যোদ্ধার মৃত্যু মুহূর্ত প্রতীক্ষায় দুর্বিষহ, স্মৃতিভারাকুল ও কল্পনাজলবয়নে রুদ্ধশ্বাস, অন্তিম জীবনের দুস্বপ্ন-বিভীষিকা এক অদ্ভুত ব্যঞ্জনাপূর্ণ ও আবেগতপ্ত এমন একাগ্র ও একলক্ষ্যাভিমুখী করিয়াছে যে, ইহারই টানে তাহার পূর্বজীবনের ইতস্তত বিক্ষিপ্ত স্মৃতিসূত্রগুলি অনিবার্যভাবে এই সর্বগ্রাসী ভাবকেন্দ্রে সংহত হইয়াছে।'[৩] ফাঁসির অপেক্ষায় নির্জন জেলে বিলু, আপার ডিভিসনে গান্ধীবাদী বাবা, আওরাৎকিতায় মা, জেল গেটে ছোটো ভাই নিলু প্রত্যেক চরিত্রই পৃথক পৃথকভাবে চেতনার



Scanned with CamScanner